32T MBEN

2022

BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

(NEW & Old COURSE)

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

GROUP–A (NEW COURSE)
Page Nos. 2 – 6 Q. Nos. 1 – 11

GROUP–B (OLD COURSE)
Page Nos. 7 – 11 Q. Nos. 1 – 11

NEW COURSE

Q. No. 1 carries 1 mark each		1+1=2
Q. No. 2 carries 1 mark each		1×10=10
Q. No. 3 carries 2 marks each		2+2=4
Q. No. 4 carries 3 marks each		3+3=6
Q. No. 5 carries 3 marks each		3×4=12
Q. No. 6 carries 3 marks each		3×3=9
Q. No. 7 (a+b) carries 4 marks each		4×2=8
Q. No. 8 (a+b) carries 9 marks		4+5=9
Q. No. 9 carries the following marks		
	(a)	1×5=5
	(b)	1×5=5
Q. No. 10 carries the following marks		
	(a)	1×4=4
	(b)	2×4=8
	(c)	3×2=6
	(d)	1+1=2
Q. No. 11 carries 10 marks		1×10=10
		Total = 100

OLD COURSE

Q. No. 1 carries 1 mark each		1+1=2
Q. No. 2 carries 1 mark each		1×8=8
Q. No. 3 carries 2 marks each		2+2=4
Q. No. 4 carries 3 marks each		3×3=9
Q. No. 5 carries 3 marks each		3×2=6
Q. No. 6 carries 4 marks each		4×2=8
Q. No. 7 (a+b) carries 9 marks		4+5=9
Q. No. 8 (a+b) carries 9 marks		4+5=9
Q. No. 9 carries the following marks		
	(a)	1×4=4
	(b)	2×3=6
	(c)	1×4=4
	(d)	2×2=4
	(e)	1+1=2
Q. No. 10 carries 15 marks		1×15=15
Q. No. 11 carries 10 marks		1×10=10
		Total = 100

Contd.

GROUP–A

(For New Course)

১। অর্থ লেখো ঃ ১+১=২

(ক) ভামিনী *অথবা* মধুকর

(খ) পোড়ো বাড়ি *অথবা* গেঁড়ি

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) 'যেখানে কুলীন জাতি সেখানে কোন্দল' — 'কুলীন জাতি' বলতে কী বোঝো?

(খ) 'মাতৃহৃদয়' কবিতাটিতে কাকে মা সম্বোধন করা হয়েছে?

(গ) 'কুলি-মজুর' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) কোন সালে শঙ্খ ঘোষের দেহাবসান ঘটে?

(ঙ) 'ঠান্‌দিদি' বলতে কী বোঝো?

(চ) ভাওনা কী?

(ছ) নন্দীপুর ইস্কুলের মাস্টারের নাম কী?

(জ) "সেদিন এমনি একটি অপ্রত্যাশিত .... জুটিল!" *(শূন্যস্থান পূর্ণ করো)*

(ঝ) কত সালে ভারত সরকার জাতীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ চুরাশি প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে?

(ঞ) ".................. হল শিশুবিকাশের তৃতীয় স্তর।" *(শূন্যস্থান পূর্ণ করো)*

৩। সংক্ষেপে লেখো ঃ ২+২=৪

(ক) "আমার মতো অর্বাচীনও এই সভার সভ্য ছিল।" — এখানে কার কথা বলা হয়েছে? 'অর্বাচীন' শব্দের অর্থ কী?

(খ) "রন্ন হল মা নব্বী" — কার উক্তি? 'রন্ন' ও 'নব্বী' বলতে কী বোঝো?

৪। টীকা লেখো ঃ ৩+৩=৬

(ক) দধীচি *অথবা* অচিন্ত্যকুমার সেনগুপ্ত

(খ) হিন্দুমেলা *অথবা* মহাশ্বেতা দেবী

৫। *যে কোনও চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৪=১২

(ক) বরযাত্রায় মৌমাছিরা কীসের বায়না নিয়েছিল? কেন তারা সে কাজ করতে পারেনি?

(খ) শিবসাগরকে 'মাছধরা জায়গা' বলা হত কেন?

(গ) জাহাজ কীভাবে জল কেটে অগ্রসর হয়?

(ঘ) হীরুদত্ত গ্রামের লোকদের কাছে কী প্রতিজ্ঞা করেছিলেন? এবং সেই প্রতিজ্ঞানুসারে তিনি কী করেছিলেন?

(ঙ) "হাতীর বাচ্চাটি দেখতে চমৎকার" — হাতির বাচ্চাটির বর্ণনা দাও।

৬। *যে কোনও তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "কোন গুণ নাহি তার কপালে আগুন" — কে কার সম্পর্কে এ কথা বলেছেন? মন্তব্যটির প্রকৃত অর্থ কী?

(খ) "শিখাও আমায়
সে পুণ্য রহস্যমন্ত্র — মার মহিমায়।।"
— নিহিতার্থ ব্যাখ্যা করো।

(গ) 'পূব-পশ্চিম' কবিতাটিতে উল্লিখিত *যে কোনো চারটি* লোকসংগীতের নাম লেখো।

(ঘ) খরার ফলে কী হয়েছে?

৭। উত্তর দাও ঃ 					৪×২=৮

(ক) পাঠে উল্লিখিত *যে কোনো দুটি* মূল্যবোধ সম্পর্কে বিস্তারিত লেখো।

অথবা

মূল্যবোধ শিক্ষা কি তোমার আবশ্যক বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

(খ) জীবনের কোন সময়কে কৈশোরকাল বলা হয়? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলি লেখো।

অথবা

"আত্মনির্ভরশীলতা, আত্মসম্মানবোধ ও নিজস্বতার সংঘাত" কৈশোরকালের অন্যতম বৈশিষ্ট্য — আলোচনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ 					৪+৫=৯

(ক) সেঁউতীতে পদ দেবী রাখিতে রাখিতে।
সেঁউতী হইল সোনা দেখিতে দেখিতে।।
সোনার সেঁউতী দেখি পাটুনীর ভয়।
এ ত মেয়ে মেয়ে নয় দেবতা নিশ্চয়।।

অথবা

আমার দেবতার থানে তুমি বটের ঝুরিতে সুতো বাঁধো
আমি তোমার পীরের দরগার চেরাগ জ্বালি।

(খ) "অভিনয় সাঙ্গ হইয়া গিয়াছে, ফোর্ট উইলিয়ামের একটি ইষ্টকও খসে নাই এবং সেই পূর্ব্বস্মৃতির আলোচনা করিয়া আজ আমরা হাসিতেছি।"

অথবা

"উচ্ছব বলে চলেছিল ভগমান! ভগমান! ভগমান! কিন্তু এমন দুর্যোগে ভগবানও কাঁথামুড়ি দিয়ে ঘুমোন বোধ করি। ভগমান! ভগমান!"

৯। ক-অংশ ও খ-অংশ থেকে ***একটি*** করে প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) 'অভিসারের পূর্ব-প্রস্তুতি' পদটির সারমর্ম নিজের ভাষায় পরিস্ফুট করো।

অথবা

'বঙ্গভাষা' কবিতায় কবির আত্ম-অনুশোচনার কারণ নির্দেশ করো।

(খ) "যাঁহারা ভীরু তাঁহারাই বহু ব্যর্থ সাধনা ও মৃত্যুভয়ে পরাঙ্মুখ হইয়া থাকেন। বীরপুরুষেরাই নির্ভীক চিত্তে মৃত্যুভয়ের অতীত হইতে সমর্থ হন।" — লেখকের এ মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

"নিয়তি অমোঘ, তার কাছে মানুষ অসহায়" — 'দিবসের শেষে' গল্প অবলম্বনে বাক্যটির সত্যতা নিরূপণ করো।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) নিচের ***যে কোনও চারটি*** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো ঃ ১×৪=৪

অধিকন্তু ন দোষায়, ছোড়া তীর ফিরে না, নগর পুড়িলে দেবালয় কি এড়ায়, বজ্র আঁটুনি ফস্কা গেরো, মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত, সে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর।

(খ) নিচের ***যে কোনও চারটি*** বাগ্‌বিধির অর্থ ও বাক্যরচনা করো ঃ ২×৪=৮

আলালের ঘরের দুলাল, তাসের ঘর, ধর্মের কল, ভানুমতীর খেলা, রায়বাঘিনী, হ য ব র ল।

(গ) নিচের ***যে কোনও তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ৩×২=৬

অঙ্কশাস্ত্র, অবিশ্বাস, জমিজমা, নবরত্ন, নীলকণ্ঠ।

(ঘ) নিচের ***যে কোনও দুটি*** শব্দের ***দুটি*** করে প্রতিশব্দ লেখো ঃ ১+১=২

অতল, কান্না, মেঘ, সাগর।

১১। ***যে কোনও একটি*** বিষয়ে রচনা লেখো ঃ ১০

(ক) অসমের পর্যটন শিল্প ঃ বর্তমান অবস্থা ও সম্ভাবনা

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) প্রযুক্তিবিদ্যা ও আধুনিক জীবন

(ঘ) নেতাজি সুভাষচন্দ্র বসু।

———×———

GROUP–B

(For Old Course)

১। অর্থ লেখো ঃ 　　　　১+১=২

(ক) কাবা-ভবন *অথবা* ভ্রমর

(খ) দুষ্প্রাপ্য *অথবা* মার্জার

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ 　　　　১×৮=৮

(ক) 'দুর্ভাগা দেশ' কবিতাটির লেখক কে?

(খ) "এই .... চেয়ে বড় কোনো আর মন্দির-কাবা নাই।" *(শূন্যস্থান পূর্ণ করো)*

(গ) জীবনানন্দ দাশের *যে কোনো একটি* কাব্যগ্রন্থের নাম লেখো।

(ঘ) 'নক্সীকাথার মাঠ' কে লিখেছেন?

(ঙ) 'ভদ্রাসন' কী?

(চ) রাজশেখর বসুর ছদ্মনাম কী?

(ছ) 'Aesthetic Values'-এর বাংলা পরিভাষা কী?

(জ) শারীরিক বিকাশের সঙ্গে সঙ্গে কৈশোর অবস্থায় দ্রুত .... ঘটে। *(শূন্যস্থান পূর্ণ করো)*

৩। টীকা লেখো ঃ 　　　　২+২=৪

(ক) চার্বাক *অথবা* বেহুলা

(খ) ওয়াটার্লু *অথবা* কাকতালীয়

৪। *যে কোনও তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী" — কার উক্তি? পাঠ্যাংশ অবলম্বনে এ উক্তির কারণ ব্যাখ্যা করো।

(খ) হরিচরণের স্বার্থপরতার পরিচয় দাও।

(গ) 'কাকদন্ত গবেষণা' কাকে বলে?

(ঘ) পল্টুর অসুস্থ অবস্থায় পরেশ কোষ্ঠী নিয়ে কার কাছে গিয়েছিলেন? তিনি কী বিধান দিয়েছিলেন?

৫। *যে কোনও দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) 'দুর্ভাগা দেশ' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?

(খ) 'বাইবেল' কাদের ধর্মগ্রন্থ? এ সম্পর্কে টীকা লেখো।

(গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' — কবিতায় উল্লেখ আছে এমন *তিনটি* গাছের নাম লেখো।

৬। ক-অংশ থেকে *একটি* এবং খ-অংশ থেকে *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের কী প্রয়োজন সাধন করে? তোমার মতামত ব্যক্ত করো।

অথবা

টীকা লেখো ঃ *(যে কোনও দুটি)*

সামাজিক মূল্যবোধ, নন্দনতাত্ত্বিক মূল্যবোধ, আধ্যাত্মিক মূল্যবোধ

(খ) জীবনের কোন সময়কে কৈশোরকাল বলা হয়? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।